# AKASHVANI (AIR)
# KOLKATA
## Bengali News
**14.05.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর-

১) চার দফা লোকসভা ভোট শেষ হওয়ার পর অমিত শাহ্ দাবি করেছেন, একক সংখ্যা গরিষ্ঠতার কাছে পৌঁছে গেছে বিজেপি।

অন্যদিকে, মমতা ব্যানার্জীর দাবি, এবারের নির্বাচনে জিতছে বিরোধী ইন্ডি জোট।

২) সপ্তম দফার জন্য মনোনয়ন দাখিলের আজই ছিল শেষদিন। পঞ্চম দফায় বুথের নিরাপত্তায় থাকছে ৬১৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

৩) শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় সুপ্রিম কোর্টে আজ জামিন পেয়েছেন বড়ঞাঁর তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবনকৃষ্ণ সাহা।।

৪) কয়লা পাচার কান্ডে অন্যতম মূল অভিযুক্ত অনুপ মাঝি, ওরফে লালা আজ আসানসোলের বিশেষ সিবিআই আদালতে আত্মসমর্পণ করে। শর্তসাপেক্ষে তা্র জামিন মঞ্জুর হয়েছে।

৫) সন্দেশখালির ভাইরাল ভিডিও কান্ডে অভিযুক্ত বিজেপি কর্মী পিয়ালী দাসকে ৭ দিনের জেল হেফাজতে পাঠিয়েছে বসিরহাট মহকুমা আদালত।।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা ভোটের শেষ তিন দফার প্রচার এখন তুঙ্গে। বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বনগাঁ লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর হয়ে প্রচার সভা করেন।

বনগাঁ-র বিজেপি প্রার্থী শান্তনু ঠাকুরের সমর্থনে আয়োজিত জনসভায় অমিত শাহ বলেন, বিশ্বের কোন শক্তি সি এ এ বলবৎ হওয়া আটকাতে পারবে না। তিনি দাবি করেন, চার দফার নির্বাচনে ২৭০ আসনে জিতে একক সংখ্যা গরিষ্ঠতার কাছাকাছি চলে গেছে বিজেপি।

( বাইট – শাহ)

কেন্দ্রে নরেন্দ্র মোদীর শাসনে দেশ যখন এগিয়ে চলেছে, তখন মমতা ব্যানার্জীর সরকারের শাসনকালে বাংলা ক্রমাগত পিছিয়ে পড়েছে বলেও মন্তব্য করেন অমিত শাহ্।

অন্যদিকে, তৃণমূল প্রার্থী বিশ্বজিৎ দাসের সমর্থনে বনগাঁ লোকসভা কেন্দ্রের অধীন কল্যাণীর গয়েশপুরের জনসভায় মমতা বলেন, কেন্দ্রে এবার সরকার বদলাতে চলেছে। বিরোধী জোট ২৯৫ থেকে ৩১৫-টি আসন পেতে পারে বলে তাঁর দাবি।

এদিনও তাঁর ভাষণে উঠে আসে সন্দেশখালি প্রসঙ্গ।

বনগাঁ-র পর উলুবেড়িয়া কেন্দ্রের প্রার্থী অরুণ উদয় পাল চৌধুরীর সমর্থনে আমতায় বিজয় সংকল্প সভাতেও তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে সরব হন অমিত শাহ। সন্দেশখালির অপরাধীদের বেছে বেছে

জেলে ভরার হুশিয়ারী দিয়ে তিনি বলেন, মহিলা মুখ্যমন্ত্রী থাকা সত্ত্বেও বাংলার মা-বোনেরা অত্যাচারের শিকার হচ্ছে এটা লজ্জার।

পুরুলিয়ার তৃণমূল প্রার্থী শান্তিরাম মাহাতোর সমর্থনে বাঘমুন্ডিতে এবং মেদিনীপুর কেন্দ্রের প্রার্থী জুন মালিয়ার সমর্থনে দাঁতনে আজ জনসভা করেন দলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী। পুরুলিয়ার সভায় তিনি বলেন, কুরমিদের মিথ্যে প্রতিশ্রুতি দিয়েছে বিজেপি।

oooooooooooooooooooooooooooooo

ডায়মন্ড হারবারের সিপিএম প্রার্থী প্রতীকউর রহমানের সমর্থনে আজ প্রচার করেন দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। বজবজ থেকে হুড খোলা জিপে রোড- শো শুরু হয়। বজবজ, ফলতা, সাতগাছিয়া ও বিষ্ণুপুর বিধানসভা কেন্দ্র এলাকা পরিক্রমার পর শেষ হয় রোড-শো।

যাদবপুর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী সায়নী ঘোষের প্রচারে তাঁর সঙ্গে ছিলেন রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস।

ব্যারাকপুরের তৃণমূল প্রার্থী পার্থ ভৌমিকের হয়ে আজ রোড শো করেন অভিনেতা দেব।

অন্যদিকে, এই দলের কলকাতা দক্ষিণ কেন্দ্রের প্রার্থী মালা রায়কে নিয়ে রোড শো-এ অংশ নেন মন্ত্রী ফিরহাদ হাকিম।

ooooooooooooooooooooooooooo

সপ্তম দফার লোকসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিলের সময়সীমা আজ শেষ হয়েছে। এই দফায় রাজ্যের ৯-টি সহ দেশের ৫৭ আসনে ভোটগ্রহন আগামী পয়লা জুন।

এরাজ্যে দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ড হারবার, কলকাতা উত্তর ও দক্ষিণ, এবং যাদবপুর লোকসভা কেন্দ্রের পাশাপাশি বরানগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনেও ঐদিন ভোট নেওয়া হবে।

জমা পড়া মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে আগামীকাল। নাম প্রত্যাহারের শেষ দিন শুক্রবার ১৭ই মে।

এদিকে, চতুর্থ দফার নির্বাচন থেকে শিক্ষা নিয়ে পঞ্চম দফার ভোটে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করতে চলেছে নির্বাচন কমিশন।

পঞ্চম দফায় যে সমস্ত জেলায় ভোট, সেখানকার জেলাশাসক ও পুলিশ সুপারদের সঙ্গে আজ ভার্চুয়াল বৈঠক করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর আরিজ আফতাব। স্থির হয়েছে, আগামী বিশে মে পঞ্চম দফার ভোটে বুথের নিরাপত্তায় থাকবে ৬১৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। সবচেয়ে বেশি ১৭১ কোম্পানী থাকছে হুগলী গ্রামীণ এলাকায়। হাওড়া গ্রামীণে থাকবে ১১০ কোম্পানী।

ক্যুইক রেসপন্স টিমের সংখ্যাও আনুপাতিক হারে বাড়তে চলেছে। পাশাপাশি থাকছে ২৫ হাজারের বেশি রাজ্য পুলিশ।

পঞ্চম দফায় ভোট নেওয়া হবে বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেড়িয়া, শ্রীরামপুর, হুগলি এবং আরামবাগ কেন্দ্রে।

২৫-শে মে ষষ্ঠ দফার নির্বাচনে ১ হাজার ২০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে বলে জানা গেছে।

oooooooooooooooooooooooooooooo

শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় এক বছরের বেশি জেলবন্দি, মুর্শিদাবাদের বড়ঞাঁর তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবনকৃষ্ণ সাহাকে জামিন দিল সুপ্রিম কোর্ট। ২০২৩-এর এপ্রিলে তাঁকে গ্রেফতার করে সিবিআই। বাড়িতে তল্লাশির সময় তিনি নিজের দুটি মোবাইল পুকুরে ছুঁড়ে ফেলে দেন বলে অভিযোগ। জল ছেঁচে সেই মোবাইল উদ্ধার করা হয়। তাতে নিয়োগ দুর্নীতির তথ্য প্রমাণ ছিল বলে আদালতে দাবি করে সিবিআই।

শীর্ষ আদালতের বিচারপতি এ এস বোপান্না ও বিচারপতি সঞ্জয় কুমারের এজলাসে আজ জীবনকৃষ্ণের জামিনের জন্য সওয়াল করেন মুকুল রোহতগী সহ তিন আইনজীবী।

উল্লেখ্য, নিয়োগ মামলায় একই চার্জশিটে নাম থাকে প্রসন্ন এবং কল্যাণময় গঙ্গোপাধ্যায় ইতিমধ্যেই জামিন পেয়েছেন। আজ জীবনকৃষ্ণকেও জামিন মঞ্জুর করল সুপ্রিম কোর্ট।

oooooooooooooooooooooooooooooo

কয়লা পাচার কান্ডে অন্যতম মূল অভিযুক্ত অনুপ মাঝি ওরফে লালা আজ আসানসেলের বিশেষ সিবিআই আদালতে আত্মসমর্পণ করার পর শর্তসাপেক্ষে তার জামিন মঞ্জুর হয়। জামিনের জন্য লালার আইনজীবীর আবেদন ও তার বিরোধিতায় সিবিআইয়ের আইনজীবীর সওয়াল শোনার পর জামিন মঞ্জুর করেন বিশেষ আদালতের বিচারক।

জামিনের শর্ত অনুয়ায়ী আদালতের অনুমতি ছাড়া লালা নিতুরিয়ায় তাঁর গ্রামের বাড়ির এলাকা ছেড়ে যেতে পারবেন না।
সুপ্রীম কোর্টের রক্ষাকবচ থাকায় এত দিন তাকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করতে পারেনি সিবিআই। তদন্ত সম্পূর্ণ করতে লালাকে জিজ্ঞাসাবাদ করা জরুরি বলে আদালতে রিপোর্ট পেশ করে জানায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

গতকালই আসানসোল লোকসভা কেন্দ্রে ভোট নেওয়া হয়। তার পরের দিন সাত সকালে অত্যন্ত গোপনে লালার আদালতে আত্মসমর্পণ বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করছে ওয়াকিবহাল মহল। লালার আইনজীবী অভিষেক মুখোপাধ্যায় জানিয়েছেন, আদালতের নির্দেশ মেনে আজ তাঁকে আসানসোলের বিশেষ সিবিআই আদালতে পেশ করা হয়েছিল।
সিবিআইয়ের পাশাপাশি ইডিও কয়লা পাচার মামলায় তদন্ত করছে।

oooooooooooooooooooooooooooooo

সন্দেশখালির ভাইরাল ভিডিও কান্ডে অভিযুক্ত বিজেপি কর্মী পিয়ালী, ওরফে মাম্পি দাস আজ বসিরহাট মহকুমা আদালতে আত্মসমর্পন করে জামিনের আবেদন জানালে, তা খারিজ করে দিয়ে ৭ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন বিচারক। সাদা কাগজে মহিলাদের দিয়ে সই করিয়ে ধর্ষণের ভুয়ো অভিযোগ থানায় জমা দেওয়ার দায়ে তাঁর বিরুদ্ধে এফ আই আর করা হয়। এর ভিত্তিতে সন্দেশখালি থানার পক্ষ থেকে তাঁকে নোটিশ পাঠানো হলেও তিনি হাজির হননি।

আজ আদালত থেকে বেরনোর সময় পিয়ালী বলেন, আন্দোলনকারীদের মুখ্যমন্ত্রী ভয় পেয়েছেন। তাঁর বিরুদ্ধে অভিযোগের কোন প্রমাণ নেই বলেও দাবি করেন তিনি।

অন্যদিকে, সন্দেশখালির মূল মামলার সঙ্গে যুক্ত হতে চেয়ে সুপ্রিম কোর্টের দৃষ্টি আকর্ষণ করেছিলেন সেখানকারই মহিলাদের একাংশ। শীর্ষ আদালত আজ সেই আর্জি গ্রহণ করেছে । মূল মামলার সঙ্গে এই মহিলাদের মামলা যুক্ত করার অনুমতি দিয়েছে বিচারপতি বি আর গাভাই এবং বিচারপতি সন্দীপ মেহতার বেঞ্চ। আগামী জুলাই মাসে সন্দেশখালির মামলার শুনানি হওয়ার কথা।

এদিকে, পুলিশী ধরপাকড়ের প্রতিবাদে বিজেপি কর্মী সমর্থকদের বিক্ষোভে আজও উত্তপ্ত ছিল বেড়মজুর।

oooooooooooooooooooooooooooooo

রাজ্যপাল সি ভি আনন্দ বোসের বিরুদ্ধে কলকাতা পুলিশ, শ্লীলতাহানির আগের একটি অভিযোগের অনুসন্ধান রিপোর্ট স্বরাষ্ট্র দপ্তরে জমা দিয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। মুখবন্ধ খামে জমা পড়া ঐ রিপোর্টে কি রয়েছে তা অবশ্য জানা যায়নি। গত বছর জুন মাসে নতুন দিল্লিতে একটি অনুষ্ঠানে নৃত্য পরিবেশন করার জন্যে কলকাতা থেকে এক ওড়িশি নৃত্যশিল্পীকে সেখানে নিয়ে গিয়ে বিলাসবহুল হোটেলে রাখা হয়। সেখানেই রাজ্যপাল তাঁর শ্লীলতাহানি করেন বলে পরে কলকাতায় ফিরে পুলিশ কমিশনারের কাছে ঐ শিল্পী লিখিত অভিযোগ করেন। তার ভিত্তিতে অনুসন্ধান শুরু করে পুলিশ।

উল্লেখ্য গত দোসরা মে, রাজভবনের এক অস্থায়ী মহিলা কর্মীর রাজ্যপালের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগকে কেন্দ্র করে তোলপাড় শুরু হয়।

এই অভিযোগ নিয়ে বিশেষ তদন্তকারী দল আজ কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েলের কাছে প্রাথমিক রিপোর্ট জমা দিয়েছে বলে জানা গিয়েছে।

এদিকে, নির্যাতিতারা যাতে ন্যায় বিচার পান, সেই আবেদন জানিয়ে, বাংলা পক্ষ নামে একটি সংগঠনের তরফে রাষ্ট্রপতিকে চিঠি দেওয়া হয়েছে বলে খবর। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত রাজ্যপালের পদ থেকে সি ভি আনন্দ বোসকে সাময়িকভাবে সরিয়ে দেওয়ার দাবিও জানানো হয়েছে।

oooooooooooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার রহড়ার রুইয়ায় আজ গাড়ির ধাক্কায় এক স্কুল ছাত্রীর মৃত্যু হয়েছে। আহত হয়েছে আরও দু-জন । দুপুর ১-টা নাগাদ রাস্তা পার হওয়ার সময় গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে বে-সরকারী ইংরেজী মাধ্যম স্কুলের ৩ পড়ুয়াকে ধাক্কা মারে। গুরুতর আহত অবস্হায় তাদের হাসপাতালে নিয়ে যাওয়া হলে দ্বাদশ শ্রেণীর ছাত্রী রূপকথা দত্তকে চিকিৎসক মৃত ঘোষণা করেন। আহত দুই পড়ুয়া ত্রিদীপ রায় ও অদ্রিকা পালিত হাসপাতালে চিকিৎসাধীন।

গাড়ির চালককে আটক করেছে পুলিশ।

oooooooooooooooooooooooooooooo